গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
# বরিশাল জিলা স্কুল
(বিদ্যালয় কোড নম্বর: ১৭৫০, ইআইআইএন: ১০০৭৪২)
ডাকঘর: বরিশাল সদর-৮২০০, জেলা: বরিশাল, ফোন: +৮৮০২৪৭৮৮৬৪৪২৭
e-mail: barishalzillaschool1829@gmail.com, Website: bzsb.edu.bd

স্মারক নং- বরি.জেড.এস.১২৫.০২.০৮.১০৯৬৪১.১০০৭৪২.২০২৫.৮৪/১ তারিখ: ০৭-০৮-২০২৫ খ্রি.

## প্রকাশ্য নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও অনুমতিক্রমে বরিশাল জিলা স্কুলের খেলার মাঠের (পরেশ সাগর সংলগ্ন) উত্তর পার্শ্বে অবৈধ দখলদার কর্তৃক অপরিকল্পিতভাবে রোপণকৃত শিক্ষার্থীদের খেলাধুলায় বিঘ্ন সৃষ্টিকারী ০২(দুই)টি নারিকেল, ০৫(পাঁচ)টি খেজুর, ০২(দুই)টি বট, ০১(এক)টি কাফুলা, ০১(এক)টি পাম, ০৮ (আট)টি রেইন্ট্রি, ০১(এক) টি মেহগনি, ০২(দুই)টি কাঠ বাদাম, ০১(এক)টি কদম এবং ০১(এক)টি আমগাছসহ সর্বমোট ২৪ (চব্বিশ)টি গাছ আগামী ১১-০৮-২০২৫ খ্রি. তারিখ রোজ সোমবার দিন বেলা ০৩:০০ ঘটিকায় অত্র কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাক হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাকে আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ীগণ শর্তসাপেক্ষে নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

**নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবেনঃ**

০১। আগামী ১১-০৮-২০২৫ খ্রি. তারিখ নিলাম ডাক শুরু হওয়ার ১ (এক) ঘন্টা পূর্বে আগ্রহী অংশগ্রহণকারী প্রত্যেক দরদাতার কাছ থেকে গাছ ক্রয়ের জন্য জামানত (ফেরতযোগ্য) ২০০০/- (দুই হাজার টাকা) জমা দিয়ে নাম নথিভুক্ত করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

০২। নিলাম ডাকে উত্তীর্ণ ব্যক্তিকে ঐ দিনই কার্যাদেশ প্রদান করা হবে। অকৃতকার্য নিলামকারীর জামানতের টাকা সাথে সাথে ফেরত দেওয়া হবে।

০৩। নিলাম ডাকে উত্তীর্ণ ব্যক্তি ঐ দিনই কার্যাদেশ প্রাপ্তির পর সমুদয় টাকা পরিশোধ করতে বাধ্য থাকবেন। অন্যথায় জামানতকৃত অর্থ বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।

০৪। নিলামে উত্তীর্ণ ব্যক্তিকে ডাককৃত মূল্যের উপর গাছের জন্য ১০% ভ্যাট ও ৫% আয়কর অতিরিক্ত হিসেবে প্রদত্ত মূল্যের সাথে প্রদান করতে হবে।

০৫। নিলামে উত্তীর্ণ ব্যক্তিকে সমুদয় টাকা জমা দেওয়ার পর নিলামকৃত মালামাল বুঝে নিয়ে নিজ দায়িত্বে ও নিজ খরচে ০৭ (সাত) দিনের মধ্যে অপসারণ করতে হবে।

০৬। নিলামে উত্তীর্ণ ব্যক্তি বা তাহার প্রতিনিধিগণ স্কুলের স্থাবর-অস্থাবর কোন সম্পত্তির ক্ষতিসাধন কিংবা বিদ্যালয়ের মধ্যে অসামাজিক বা আইন-শৃংখলা পরিপন্থী কোন কাজ করতে পারবেন না। ক্রেতাগণ দ্বারা যদি বিদ্যালয়ের ক্ষয়-ক্ষতি হয় তাহলে তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন। ক্ষতিপূরণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। মূল্য উপযুক্ত বিবেচিত না হলে এবং অনিবার্য কোন কারণবশতঃ নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(অনিতা রানী হালদার)
সদস্য সচিব
ঝড়ে পড়া বা পুরাতন গাছ কাটা ও নিলাম কমিটি
ও
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বরিশাল জিলা স্কুল
বরিশাল

স্মারক নং- বরি.জেড.এস.১২৫.০২.০৮.১০৯৬৪১.১০০৭৪২.২০২৫.৮৪/১ তারিখ: ০৭-০৮-২০২৫ খ্রি.

**বিতরণ সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
৩. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জোন, বরিশাল;
৪. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বরিশাল;
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল
৬. কাউন্সিলর, ১৬নং ওয়ার্ড, বিসিসি, বরিশাল;
৭. অফিস সংরক্ষণ নথি।

(অনিতা রানী হালদার)
সদস্য সচিব
ঝড়ে পড়া বা পুরাতন গাছ কাটা ও নিলাম কমিটি
ও
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বরিশাল জিলা স্কুল
বরিশাল